

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
জননিরাপত্তা বিভাগ
সচিবালয় নিরাপত্তা শাখা
www.mhpsd.gov.bd

নং-৪৪.০০.০০০০.০৩৫.০২.০০৩.১৯-৭৯

তারিখঃ

২৮ শ্রাবণ ১৪৩২


১২ আগস্ট ২০২৫

বিষয়ঃ বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে নিরাপত্তা জোরদারকরণে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশের প্রশাসনের প্রাণকেন্দ্র হিসেবে বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে প্রত্যেকটি ভবনের নিরাপত্তার বিষয়টি অত্যন্ত গুরুত্বপূর্ণ। তাই সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত প্রতিটি ভবন/প্রাঙ্গণের সার্বক্ষণিক শৃঙ্খলা ও নিরাপত্তা নিশ্চিত করার লক্ষ্যে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে:

- (ক) বাংলাদেশ সচিবালয়ের অভ্যন্তরে কোন ধরনের মিছিল, সমাবেশ বা গণজমায়েত বারিত করা হলাও;
- (খ) সচিবালয়ের অভ্যন্তরে অবস্থিত বিভিন্ন মন্ত্রণালয়/বিভাগের সম্মেলন কক্ষে অননুমোদিত কোন সভা/সমাবেশ বা কোন পেশাগত সংগঠন/সমিতির সভা/সম্মেলন/বৈঠক করা যাবে না;
- (গ) সন্ধ্যা ৬.০০ টার পর সচিবালয়ের অভ্যন্তরে জরুরি দাপ্তরিক প্রয়োজনে অবস্থান করতে হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়কে অবহিত করতে হবে;
- (ঘ) সাপ্তাহিক ছুটি কিংবা অন্য কোন ছুটির দিনে সচিবালয়ের অভ্যন্তরে দাপ্তরিক প্রয়োজনে অবস্থান করতে হলে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পূর্বানুমতি গ্রহণ করতে হবে;
- (ঙ) সচিবালয়ের অভ্যন্তরে কর্মরত কর্মকর্তা/কর্মচারীগণের সচিবালয় প্রবেশ পাস দৃশ্যমান রাখতে হবে;
- (চ) সচিবালয়ের অভ্যন্তরের কোন ভবন বা প্রাঙ্গণে কোনরূপ লিফলেট বিতরণ, ব্যানার বা ফেস্টুন ঝুঁলানো বা স্থাপন করা যাবে না; এবং
- (ছ) সচিবালয়ে প্রবেশকালীন গাড়ি/ব্যক্তির নিরাপত্তা তল্লাশি দায়িত্বরত নিরাপত্তা বাহিনী নিশ্চিত করবেন।

এমতাবস্থায়, সকলকে বর্ণিত নির্দেশনাসমূহ আবশ্যিকভাবে প্রতিপালনের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।


মোঃ জসিম উদ্দীন
যুগ্মসচিব
ফোন: ৯৫৭৩৮০৩

Security2@mhpsd.gov.bd

বিতরণ:

০১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. প্রধান উপদেষ্টার মুখ্য সচিব, প্রধান উপদেষ্টার কার্যালয়, ঢাকা।
০৩. সিনিয়র সচিব/সচিব (সকল)
০৪. উপ-পুলিশ কমিশনার (সচিবালয় নিরাপত্তা), বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি: (সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য)

০১. অতিরিক্ত সচিব (সকল), জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২. মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩. মাননীয় প্রধান উপদেষ্টার বিশেষ সহকারী মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
০৪. সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫. নির্বাহী প্রকৌশলী, ইডেন ভবন গণপূর্ত বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬. নির্বাহী প্রকৌশলী, ই/এম-৪, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭. অফিস কপি।